

# তুমি, সবশেষে

## ড. শামস্ রহমান

মহাকাশের উজ্জ্বলতম নক্ষত্রে,  
প্রশান্তে দূরপ্রসারিত নীলের প্রশান্তিতে দেখি তোমাকে।  
দেখি, নদী আর সাগরের মিলন মোহনায়,

বিস্তীর্ণ পাহাড়ের সুগভীর উপত্যকায়।

কাঁচা-মিঠা আমের ঘ্রাণে,  
অল্পহাস্যে অস্পৃশ্য অরণ্যে ঝরা পাতায় দেখি তোমাকে।  
দেখি, শ্রাবণের উল্ল ধারার নাচের ছন্দে;  
কুয়াশা-ভেজা মাটির মেদ গন্ধে।

লাউয়ের ডগার মত বেড়ে উঠার ঢঙে,  
মর্ষে ফুলের হলদে পাড়ের রঙে আর সুভ্র জমিনে দেখি তোমাকে;  
দেখি, কিশোরীর বেশে নাহন শেষে ভরা কলসে;  
কিশোরীর লাল ফিতার কেশবিন্যাসে।

আমি শুধু তোমায় দেখি সবশেষে।।

---

Virginia Woolf'এর লেখা Night and Day উপন্যাসের ২৩ নং অধ্যায়ে একজন প্রধান চরিত্রের সংলাপ: 'I see you everywhere, in the stars, in the river; to me you are everything that exists', এই লেখায় প্রেরণা জুগিয়েছে।